

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
প্রধান কার্যালয়

৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০

Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (সিটিজেন চার্টার-এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ) কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব কাজী আবেদ হোসেন  
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।  
তারিখ : ২৯ নভেম্বর ২০২২, সকাল ১১.৩০ ঘটিকা।  
সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২)।  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব উপপরিচালক (প্রশাসন) কে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিটিজেন চার্টার-এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) গত ২৫.০৯.২০২২ তারিখে এ বিষয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন :


ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
৫.১	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির ২.১(৬) এর ক্রমিক ৭-এ 'হাসপাতাল/ক্লিনিকে নিয়োজিত ডাক্তারদের তালিকা (রেজিঃ নম্বরসহ)' এর স্থলে 'হাসপাতাল/ক্লিনিকে নিয়োজিত ডাক্তারদের তালিকা (রেজিঃ নম্বরসহ) ও তাদের নিয়োগপত্র, যোগদানপত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্র' সংযোজন করতে হবে।	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির ২.১(৬) এর ক্রমিক ৭-এ 'হাসপাতাল/ক্লিনিকে নিয়োজিত ডাক্তারদের তালিকা (রেজিঃ নম্বরসহ)' এর স্থলে 'হাসপাতাল/ক্লিনিকে নিয়োজিত ডাক্তারদের তালিকা (রেজিঃ নম্বরসহ) ও তাদের নিয়োগপত্র, যোগদানপত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্র' সংযোজন করা হয়েছে।
৫.২	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ মোতাবেক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে জিআরএস অংশ সংযোজনপূর্বক অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, আপিল কর্মকর্তা ও মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেলের জন্য নিষ্পত্তির সময়সীমা মাসের পরিবর্তে কার্যদিবস আকারে অন্তর্ভুক্ত করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ মোতাবেক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে জিআরএস অংশ সংযোজনপূর্বক অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, আপিল কর্মকর্তা ও মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেলের জন্য নিষ্পত্তির সময়সীমা মাসের পরিবর্তে কার্যদিবস আকারে অন্তর্ভুক্ত করা হয়েছে।
৫.৩	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ মোতাবেক অধিদপ্তরের প্রত্যাশা অংশ সংযোজন করতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিটিজেন্স চার্টারে সেবা প্রদান প্রতিশ্রুতির GRS এবং প্রত্যাশা অংশ সংযোজন করা হয়েছে।
৫.৪	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে অভ্যন্তরীণ সেবা অংশে কর্মকর্তা-কর্মচারীদের অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি, বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি, পাসপোর্ট প্রদানের এনওসি, সরকারি বাসা বরাদ্দের আবেদন প্রেরণ ও চিকিৎসা সহায়তার আবেদন ইত্যাদি অন্তর্ভুক্ত করতে হবে।	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে অভ্যন্তরীণ সেবা অংশে কর্মকর্তা-কর্মচারীদের অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি, বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি, পাসপোর্ট প্রদানের এনওসি, সরকারি বাসা বরাদ্দের আবেদন প্রেরণ ও চিকিৎসা সহায়তার আবেদন ইত্যাদি অন্তর্ভুক্ত করা হয়েছে।

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
৫.৫	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান সেবার ফরম এবং অনলাইন সেবার লিংক অন্তর্ভুক্ত করতে হবে।	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান সেবার ফরম এবং অনলাইন সেবার লিংক অন্তর্ভুক্ত করা হয়েছে।
৫.৬	ত্রৈমাসিক ভিত্তিতে অধিদপ্তরের স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রমাণক হিসাবে সংরক্ষণ করতে হবে।	গত ২৯/০৯/২০২২ তারিখে স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং প্রমাণক হিসাবে নথিতে সংরক্ষণ করা হয়েছে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(১৫)-এ সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জনের মতামত এবং প্রতিষ্ঠানটিতে পুরো কেন্দ্রের কাভারেজসহ নাইটভিশন সিসি ক্যামেরা আছে কিনা? তা অন্তর্ভুক্ত করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ সিস্টেম এনালিস্ট
৩.২	অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৪নং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশের ক্রমিক ২.১(৩৭)-এ আবেদনকারী ব্যক্তি ও প্রতিষ্ঠান সম্পর্কে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এর কপি অন্তর্ভুক্ত করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ সিস্টেম এনালিস্ট
৩.৩	অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) অংশে অধিদপ্তরের আপীল কর্মকর্তা হবেন সুরক্ষা সেবা বিভাগের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা।	পরিচালক (প্রশাসন)
৩.৪	নাগরিক সেবা এবং প্রাতিষ্ঠানিক সেবা অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম অন্তর্ভুক্ত করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৩.৫	ত্রৈমাসিক ভিত্তিতে অধিদপ্তরের স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রমাণক হিসাবে সংরক্ষণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ সিস্টেম এনালিস্ট

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (কাজী আবেদ হোসেন)  
 পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)

১৯ অগ্রহায়ণ, ১৪২৯

তারিখ : -----


০৪ ডিসেম্বর, ২০২২

নথি নং- ৫৮.০২.০০০০.০০৬.০৬.০৩২.১৩-৬৫০৮

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা[দৃ:আ: অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ)]।
- ২) পরিচালক(প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪) প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা
- ৫) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গোয়েন্দা শাখা/বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৬) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭) উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮) উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/জেলা কার্যালয়/মেট্রো কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, -----।

- ৯) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০) সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১১) স্টাফ অফিসার টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩) অফিস কপি।



(দীপজয় হীসা)

সহকারী পরিচালক (প্রশাসন)